

বিজ্ঞান নিয়ে

আলোচনা ৫-৭

ডিসেম্বর

আগরতলা।। ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় রাজ্যের বিভিন্ন কলেজের সায়েন্স ফোরাম-র উদ্যোগে ৫ - ৭ ডিসেম্বর বিজ্ঞান আলোচনাসভা। থাকবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং বঙ্গীয় বিজ্ঞান পরিষদের সম্পাদক তপন সাহা।

৫ ডিসেম্বর বিজ্ঞান আলোচনাসভা হচ্ছে ধর্মনগর কলেজের সায়েন্স ফোরামের উদ্যোগে। কলেজের বিবেকানন্দ সার্থশত বার্ষিকী হলে সকাল সাড়ে ৯ টায় অনুষ্ঠিত 'বিজ্ঞান, সংস্কৃতি এবং রবীন্দ্রনাথ' শীর্ষক আলোচনায় বক্তব্য রাখবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী এবং 'পরিবেশ ও সুস্থির উন্নয়ন' বিষয়ে বক্তব্য রাখবেন তপন সাহা। ৬ ডিসেম্বর কৈলাসহর টাউন হলে সকাল ১০ টায় রামকৃষ্ণ কলেজের সায়েন্স ফোরাম আয়োজিত বিজ্ঞান আলোচনায় অধ্যাপক শ্যামল চক্রবর্তী বক্তব্য রাখবেন 'বিজ্ঞান, সমাজ ও আচার্য জগদীশচন্দ্র' বিষয়ে এবং তপন সাহা 'জলাভূমির গুরুত্ব ও জলাভূমি সংরক্ষণ' বিষয়ে আলোচনা করবেন। এদিন বেলা ১ টায় ফটিকরায়ের আশ্বেদকর কলেজের ক্যাম্পাসে 'বিজ্ঞান, সমাজ ও আচার্য প্রফুল্লচন্দ্র' বিষয়ে বক্তব্য রাখবেন শ্যামল চক্রবর্তী এবং 'জল সঙ্কট ও বৃষ্টিজল সংরক্ষণ' শীর্ষক বক্তব্য রাখবেন তপন সাহা। ৭ ডিসেম্বর দুপুর ১২ টায় মহিলা কলেজের সায়েন্স ফোরামের আয়োজিত আলোচনায় চক্রে অধ্যাপক শ্যামল চক্রবর্তী 'বিজ্ঞান ও কুসংস্কার' বিষয়ে বক্তব্য রাখবেন এবং 'জলবায়ু পরিবর্তন' বিষয়ে আলোচনা করবেন তপন সাহা। এদিন বিকাল ৫ টায় আগরতলা প্রেস ক্লাবে ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের সহযোগিতায় জ্ঞান বিচিত্র ও বুক ওয়ার্ল্ড আয়োজন করছে বিজ্ঞান শিক্ষক / শিক্ষিকা, বিজ্ঞান ও সমাজ কর্মী, কবি, সাহিত্যিক ও লেখকদের এক আড্ডার। বিজ্ঞান, সংস্কার ও কুসংস্কার বিষয়ক এই আড্ডায় থাকবেন অধ্যাপক শ্যামল চক্রবর্তী ও তপন সাহা।

এছাড়া ২০-২২ জানুয়ারি রাজ্যের বিভিন্ন স্থানে বক্তব্য রাখবেন বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ও বিড়লা প্ল্যানেটারিয়ামের অধিকর্তা ডঃ দেবীপ্রসাদ দুয়ারী এবং বিশিষ্ট বিজ্ঞান প্রচারক ও এন সি এস এম-র পূর্ব অধিকর্তা সমর বাগচী।